বিভাগীয় ক্রীড়া সংস্থার সদস্য হলেন ঝিনাইদহের সাংবাদিক আসিফ কাজল

জাতীয় ক্রীড়া পরিষদের অনুমোদনে খুলনা বিভাগের বিভাগীয় ক্রীড়া সংস্থার নতুন এ্যাডহক কমিটিতে আবারও সদস্য হিসেবে স্থান পেয়েছেন সাবেক ফুটবলার ও ক্রীড়া সংগঠক সাংবাদিক আসিফ ইকবাল কাজল।

শনিবার (১৭ মে) দুপুরে জাতীয় ক্রীড়া পরিষদ থেকে জারিকৃত এক প্রজ্ঞাপন সূত্রে এ তথ্য নিশ্চিত করেছে। ক্রীড়া উপদেষ্টার নির্দেশনা মোতাবেক জাতীয় ক্রীড়া পরিষদের যুগ্ম সচিব আমিনুল ইসলাম এনডিসি এই অ্যাডহক কমিটি অনুমোদন করেন।

জাতীয় ক্রীড়া পরিষদ আইন, ২০১৮ অনুযায়ী গঠিত এ কমিটিতে আহ্বায়ক হিসেবে দায়িত্ব পেয়েছেন খুলনার বিভাগীয় কমিশনার মোহাম্মদ ইমাদুল হক খান। কমিটির অন্যান্য সদস্যদের মধ্যে রয়েছেন জাতীয় দলের সাবেক ফুটবলার ও কোচ খান আব্দুর রাজ্জাক (রাজ), জাতীয় দলের সাবেক ক্রিকেটার ইমরুল কায়েস, শ্যুটার খন্দকার তুহিন আহমেদ, ক্রীড়া সাংবাদিক শেখ দিদারুল ইসলাম, আইনজীবী ও সাবেক খেলোয়াড় অ্যাডভোকেট শেখ জাকিরুল ইসলাম, ছাত্র প্রতিনিধি মো.মাজহারুল ইসলাম শিহাব এবং জাতীয় দলের সাবেক ফুটবলার মো. মাসুদুর রহমান (টনি)।

পদাধিকার বলে কমিটির সদস্য সচিবের দায়িত্ব পালন করবেন খুলনা বিভাগের যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক।
উল্লেখ্য, আসিফ ইকবাল কাজল এর আগেও বিভাগীয় ক্রীড়া সংস্থার বিভিন্ন দায়িত্বে ছিলেন এবং ক্রীড়াঙ্গনে তার সক্রিয় ভূমিকা রয়েছে।

আসিফ কাজল পুনরায় এডহক কমিটিতে স্থান পাওয়ায় ঝিনাইদহ জেলা প্রশাসক মোঃ আব্দুল আউয়ালসহ বিভিন্ন ক্রীড়া সংগঠন, সামাজিক সংগঠন ও বিভিন্ন শ্রেণী পেশার মানুষ অভিনন্দন জানিয়েছেন।

[redacted]

[redacted]